

২৬তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

জেমস ভ্যাম ব্র্যামার (James Van Bramer) (D, WF)

হ্যালো-আমি কাউন্সিল মেম্বার Jimmy Van Bramer, ২৬তম জেলার সিটি কাউন্সিল নির্বাচনে সানিসাইড, উডসাইড, লং আইল্যান্ড সিটি এবং এস্টোরিয়ার প্রতিনি ধিক্কারী হিসাবে আবার প্রার্থী হয়েছি। চার বছর আগে আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম ২৬তম ডিস্ট্রিক্ট অধ্যুষিত জনগনের জীবনমান আরও ভাল করার জন্য আমি প্রতিটি দিনই কাজ করে যাবো। ওয়েস্টার্ন কুইলসের জনগনের জন্য ঐ চার বছর দিন-রাত সংগ্রাম চালিয়েছি। আমি সাহায্যের জন্য আমার অফিসে আসা ১০,০০০ এর উপরে পরামর্শ দিয়ে সহায়তা দিয়েছি। এই ডিস্ট্রিক্টের সর্বত্র মূলধনগত প্রকল্পে আমি দশ মিলিয়ন ডলার বিনিয়োগ করেছি, এবং সিটি হলে গুরুত্বপূর্ণ আইন পাশ করেছি। আজ ,আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে চার বছর আগে আপনাদেরকে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম-যদি আবার আমি নির্বাচিত হই, তাহলে পরবর্তী চার বছরের প্রতিটি দিনই আমি আপনাদের জন্য কাজ করবো সবদিকেই। ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন রাস্তার একটা বিপদ মুখ গর্ত সনাক্ত করতে, কুইন্সব্রীজ পার্ক সিওয়ালের নড়বড়ে স্থানগুলো সনাক্ত করতে মিলিয়নের পর মিলিয়ন ডলার বিনিয়োগ করা, জনসংখ্যা বৃদ্ধির কারণে ডিস্ট্রিক্টে ৫টি নতুন স্কুল নির্মাণ, অথবা MTA এর 7 train একটানা বহিমূখীতার বিরুদ্ধে সংগ্রাম, আমি আমার ডিস্ট্রিক্টের জনমানুষের জন্য আমি যেদিকে জানি প্রতিদিকে পরিশ্রম করেছি। কাজেই আমি জানি কেমন করে কাজ করতে হয়। আগামী চার বছরের জন্য আমি প্রতিশ্রুতি দিচ্ছি যে আমার কাজ সাধ্যমত অব্যাহত রাখবো যতদূর কঠোরভাবে পারি।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।